


# আজই স্বাস্থ্য সেবা অ্যাক্সেস করুন NYC Care



NYC-তে, আমরা বিশ্বাস করি যে প্রত্যেক নিউ ইয়র্কবাসীর **অভিবাসন স্থিতি এবং অর্থ প্রদানের ক্ষমতা নির্বিশেষে প্রাথমিক, প্রতিবোধমূলক এবং বিশেষ স্বাস্থ্য সেবা পাওয়ার অধিকার রয়েছে**। একজন কর্মচারী হিসাবে, আপনি মর্যাদা এবং সম্মানের সাথে মানসম্পন্ন স্বাস্থ্যসেবা পরিষেবা পাওয়ার যোগ্য।

স্বাস্থ্যকর জীবনযাপন শুরু হয় প্রাথমিক যত্নের মাধ্যমে, যাতে আপনি অসুস্থ হওয়ার আগে আপনার প্রয়োজনীয় যত্ন নিতে পারেন। প্রাথমিক যত্নের অর্থ হল একজন ডাক্তার এবং একটি সম্পূর্ণ স্বাস্থ্যসেবা টিমের সঙ্গে সম্পর্ক রাখা, যারা আপনাকে সুস্থ রাখতে নিয়মিত আপনার সঙ্গে দেখা করে। এর মধ্যে রয়েছে নিয়মিত চেকআপ, ক্যান্সার স্ক্রীনিং, এবং ফ্লু শটের মত ভ্যাকসিন।



## কেন আপনার NYC Care-এ নথিভুক্ত হওয়া উচিত?

- + আমরা আপনার স্বাস্থ্যের বিষয়ে যত্নশীল এবং চাই যে আপনি সুস্থ থাকার জন্য প্রয়োজনীয় পরিষেবাগুলি অ্যাক্সেস করতে সক্ষম হন
- + 11টি NYC Health + Hospitals ফ্যাসিলিটি এবং 30টি Gotham Health ক্লিনিকে স্বাস্থ্যসেবা পরিষেবাগুলি অ্যাক্সেস করুন
- + আপনার প্রাথমিক যত্ন প্রদানকারীর কাছ থেকে আমাদের সিস্টেমের মধ্যে থাকা বিশেষজ্ঞদের কাছে রেফারেল পান
- + একজন প্রতিনিধির সাথে যোগাযোগ করতে 646-NYC-CARE নম্বরে 24/7 NYC Care-এর যোগাযোগ কেন্দ্রে কল করা সহজ

NYC  
HEALTH+  
HOSPITALS



**প্র: আমি কোথায় NYC CARE ব্যবহার করতে পারি?**

**উ:** NYC Care বর্তমানে সদস্যদের NYC Health + Hospitals-এর ফ্যাসিলিটিসমূহে প্রোভাইডারদের একটি নেটওয়ার্ক ও পরিষেবার প্রস্তাব করছে। NYC Health + Hospitals অবস্থানগুলির একটি তালিকার জন্য, NYC CARE যোগাযোগ কেন্দ্রে ফোন করুন **1-646-NYC-CARE (1-646-692- 2273)** নম্বরে অথবা ভিজিট করুন [nycare.nyc.gov](http://nycare.nyc.gov)-এই ঠিকানায়।

**প্র: আমি কি NYC Care-এর জন্য যোগ্য?**

**উ:** আপনি উপযুক্ত কিনা তা জানতে, আজই **1-646-NYC-CARE (1-646-692-2273)** নম্বরে কল করুন।

**প্র: সেবার জন্য আমাকে কেমন অর্থ খরচ করতে হবে?**

**উ:** যোগদানের জন্য কোন খরচ নেই, কোন প্রিমিয়াম নেই এবং কোন মাসিক ফি নেই। আপনার পরিবারের সদস্য সংখ্যা এবং আয়ের ওপর ভিত্তি করে আপনার স্বাস্থ্যসেবা পাওয়ার খরচের হিসাব করা হবে, \$0 -এ শুরু। আরও তথ্যের জন্য, ফি স্কেল টেবিল দেখতে অনুগ্রহ করে ভিজিট করুন [nycare.nyc.gov](http://nycare.nyc.gov)-এই ঠিকানায়।

**প্র: NYC Care স্বাস্থ্য বীমা কি?**

**উ:** NYC Care একটি স্বাস্থ্যসেবা এক্সেস প্রোগ্রাম যা শহরব্যাপী NYC Health + Hospitals-এর ফ্যাসিলিটিসমূহে প্রোভাইডারদের একটি নেটওয়ার্ক ও পরিষেবা প্রদান করে। স্বাস্থ্য বীমার বিপরীতে, যোগদানের জন্য কোনো খরচ নেই, কোনো প্রিমিয়াম নেই এবং কোনো মাসিক ফি নেই।

**প্র: আমার ইতিমধ্যে স্বাস্থ্য বীমা আছে। আমার কি এটি বাদ দেওয়া উচিত এবং NYC Care-এ নথিভুক্ত হওয়া উচিত?**

**উ:** আপনার যদি এখন স্বাস্থ্য বীমা থাকে তবে তা বাদ দেবেন না। যে ব্যক্তির তাদের নিয়োগকর্তার মাধ্যমে, মার্কেটপ্লেসের মাধ্যমে বা Medicaid-এর মাধ্যমে বীমার জন্য যোগ্য তাদের সেই প্রোগ্রামে নথিভুক্ত হওয়া উচিত যেটির জন্য তারা যোগ্য।

**প্র: আমি কীভাবে আরও বেশি শিখতে পারি বা NYC Care-এ নথিভুক্ত হতে পারি?**

**উ:** ফোন করুন **1-646-NYC-CARE (1-646-692-2273)**। তারা আপনার ভাষায় কথা বলে NYC Care প্রচার এবং তালিকাভুক্তিতে সমর্থন করার জন্য কমিউনিটি সংস্থাগুলির সাথেও অংশীদারিত্ব করেছে। আরও জানতে এবং বর্তমান কমিউনিটি পার্টনারদের তালিকা দেখতে আপনি ভিজিট করতে পারেন [nycare.nyc.gov](http://nycare.nyc.gov) -এর ঠিকানায়।

**প্র: আমি কিভাবে রোগিওর পেতে পারি?**

**উ:** 14 ভাষায় বিষয়বস্তুসমূহ ডাউনলোড করতে অনুগ্রহ করে ভিজিট করুন [nycare.nyc.gov/resources](http://nycare.nyc.gov/resources)-এই ঠিকানায়।



সাথে থাকুন। আমাদের অনুসরণ করুন।

**NYC  
HEALTH+  
HOSPITALS**

